

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)

সার্কুলার নং-১ই-৪৪৪/২০১৫- ০৬

-জি

তারিখঃ- ০৫/০৯/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ- নিয়মিত যথাসময়ে অফিসে উপস্থিতি ও হাজিরা খাতায় স্বাক্ষর প্রদান প্রসঙ্গে।

চাকরি (বেতন ও ভাতাদি আদেশ), ২০১৫ এর ৮ নম্বর অনুচ্ছেদে কর্মকর্তা-কর্মচারীদের শ্রেণী ভিত্তিক (১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) পরিচিতির স্থলে সকলকে 'সরকারি কর্মচারী' হিসেবে গণ্য করে বেতন স্কেলের গ্রেড ভিত্তিক পরিচিতির বিধান করা হয়েছে।

০২। গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২-তে সরকারি কর্মচারীদের নিয়মিত উপস্থিতির বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি বা বিনা অনুমতিতে অফিস সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ ও বিলম্বে কর্মস্থলে উপস্থিতির জন্য সুনির্দিষ্ট অর্থ দণ্ডের বিধান রয়েছে।

০৩। সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, অত্র কোর্টের হাইকোর্ট বিভাগের কতিপয় কর্মচারী নিজেদের পদবীর সাথে 'কর্মকর্তা' শব্দ যুক্ত থাকার কারণে নিয়মিত হাজিরা খাতায় স্বাক্ষর করেন না। ফলে ঐ সকল কর্মচারীর বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি বা বিনা অনুমতিতে অফিস সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ ও বিলম্বে কর্মস্থলে উপস্থিতির জন্য সুনির্দিষ্ট প্রমাণের অভাবে গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যায় না।

০৪। কোনো সরকারি কর্মচারী তাঁর পদবীর শেষে 'কর্মকর্তা' শব্দ যুক্ত থাকুক বা না থাকুক তিনি জাতীয় বেতন স্কেলের যে গ্রেডেরই বেতনভুক্ত কর্মচারী হন না কেন, আইনগতভাবে ও নৈতিকভাবে নিয়মিত যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া তাঁর একান্ত কর্তব্য।

০৫। বর্ষিতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিভিন্ন শাখা ও চেম্বারে কর্মরত কর্মচারীদের কর্মস্থলে নিয়মিত উপস্থিতি ও হাজিরা খাতায় স্বাক্ষর সম্পর্কে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) শাখাসমূহের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রারগণ/সমমর্যাদার কর্মচারী উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসেবে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন এবং শাখার ডেপুটি রেজিস্ট্রার পদমর্যাদার নিম্নের সকল কর্মচারী তাঁদের বেতন গ্রেডের ক্রমানুসারে হাজিরা খাতায় নাম লিপিবদ্ধ করে অনুস্বাক্ষর দ্বারা স্বাক্ষর প্রদান করে তাঁর নিয়মিত ও যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করবেন, যেমনঃ কোনো শাখার হাজিরা খাতায় ০১ নম্বর ক্রমিক সহকারী রেজিস্ট্রার, ০২ নম্বর ক্রমিক সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্টগণ এবং তৎপরবর্তীতে প্রশাসনিক কর্মকর্তা ইত্যাদি কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর প্রদান করতে হবে;

(খ) শাখার সকল কর্মচারী হাজিরা খাতায় স্বাক্ষর করার পর সকাল ৯:১৫ ঘটিকার মধ্যে শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী রেজিস্ট্রার/সমমর্যাদার কর্মচারী বরাবরে হাজিরা খাতা উপস্থাপন করতে হবে এবং তাঁর স্বাক্ষরের পর ৯:২০ ঘটিকার মধ্যে হাজিরা খাতা শাখার দায়িত্বপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার/সমমর্যাদার কর্মচারী বরাবর উপস্থাপন করার পর নির্ধারিত স্থানে তিনি স্বাক্ষর প্রদান করবেন;

(গ) চেম্বার/বেঞ্চের ক্ষেত্রে সংশ্লিষ্ট চেম্বার/বেঞ্চে কর্মরত বেতন স্কেলের সর্বোচ্চ গ্রেডভুক্ত কর্মচারী উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসেবে হাজিরা খাতার নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন এবং উক্ত সর্বোচ্চ গ্রেডভুক্ত কর্মচারীর নিম্নের সকল কর্মচারী তাঁদের বেতন গ্রেডের ক্রমানুসারে হাজিরা খাতায় নাম লিপিবদ্ধ করে অনুস্বাক্ষর দ্বারা স্বাক্ষর প্রদান করে তাঁর নিয়মিত ও যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করবেন।

০৬। এই সার্কুলারের নির্দেশনা অমান্য করা হলে অমান্যকারীর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। মাননীয় প্রধান বিচারপতির সদয় অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

স্বা/-
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ

স্মারক নং- ৩৩৩৫


-জি

তারিখঃ- ০৫/০৯/২০১৬ খ্রিঃ।

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার/ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৩। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা(সকল)।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৫। প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ৭। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১০। বেঞ্চ অফিসার জনাব
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ১১। সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, শাখা,
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।

নির্দেশনা বাস্তবায়ন ও
শাখা/চেম্বারে কর্মরত সকল
কর্মচারীকে অবহিতকরণের
অনুরোধ করা হলো।



(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬।

ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd